# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**13-05-2026** **Time: 7.50 PM**

---

**<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>**

১) রাজ্য বিধানসভায় আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ নবনির্বাচিত ১৪৪ জন বিধায়ক শপথ নিয়েছেন। আগামীকালও চলবে শপথগ্রহণ।

২) রাজ্যের নিজস্ব আয় বাড়াতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ এবং স্বচ্ছতার সঙ্গে কাজ করতে সব দপ্তরের সচিবদের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী।

৩) কৃষক ও ব্যবসায়ীদের সুবিধার্থে রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ থেকে অন্য রাজ্যে পন্য রপ্তানির ক্ষেত্রে নিষেধাজ্ঞা তুলে নিচ্ছে।

কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৬-২৭ বিপনন বর্ষে ১৪ টি খরিফশস্যের জন্য ন্যুনতম সহায়ক মূল্য বাড়ানোর প্রস্তাবে ছাড়পত্র দিয়েছে।

৪) তপসিয়ায় অগ্নিকান্ডের পর মুখ্যমন্ত্রী, শহর জুড়ে সমস্ত অবৈধ পরিকাঠামো ভেঙে ফেলার নির্দেশ দিয়েছেন।

শিক্ষক ও পুর নিয়োগ দুর্নীতি এবং সমবায় ক্ষেত্রে বিভিন্ন অনিয়মের অভিযোগে তৎকালীন আধিকারিকদের বিরুদ্ধে তদন্তের জন্য সিবিআই-কে অনুমতি দিয়েছে রাজ্য সরকার।

৫) কেওড়াতলা মহাশ্মশানে মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি টুটু বসুর শেষকৃত্য সম্পন্ন হয়েছে।

---------------------------------------------------------------------------------------------------

রাজ্য বিধানসভায় আজ মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সহ নবনির্বাচিত ১৪৪ জন বিধায়ক শপথ নিয়েছেন। আগামীকালও চলবেশ পথগ্রহণ পর্ব। আজ প্রথমার্ধে ভবানীপুরের বিধায়ক হিসাবে শপথ নেন, শুভেন্দু অধিকারী।

(বাইট- শুভেন্দুর শপথ)

এরপর একে একে শপথ নেন মন্ত্রিসভার বাকি সদস্য- নিশীথ প্রামাণিক, দিলীপ ঘোষ, অশোক কীর্তনিয়া, ক্ষুদিরাম টুডু ও অগ্নিমিত্রা পাল। অধ্যক্ষ প্রতীম তাপস রায় তাঁদের শপথ বাক্য পাঠ করান। একটি প্রতিবেদন –

ভয়েসকাস্ট

শপথ গ্রহণের পর মুখ্যমন্ত্রী বলেন, নতুন বিধানসভায় কোনো গোপনীয়তা থাকবেনা। তাঁর সরকার অফ দ্য পিপল, বাই দ্য পিপল, ফর দ্য পিপল গণতন্ত্রের এই তিনটি শর্ত মেনে চলবে।

আগামীকাল প্রথমার্ধে কলকাতা, হাওড়া, হুগলি, পূর্ব মেদিনীপুর এবং ঝাড়গ্রাম এবং দ্বিতীয়ার্ধে পশ্চিম মেদিনীপুর, পুরুলিয়া, বাঁকুড়া, দুই বর্ধমান, ও বীরভূমের জয়ী বিধায়করা শপথ নেবেন।

শুক্রবার **১৫'ই মে,** বিধানসভার অধ্যক্ষ নির্বাচন হওয়ার কথা। অধ্যক্ষ প্রতীম তাপস রায়কেই অধ্যক্ষ পদে শাসক দলের তরফে প্রার্থী করা হতে পারে বলে বিধানসভা সূত্রে জানা গেছে।

-------------------------

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নন্দীগ্রামের বিধায়ক পদ থেকে পদত্যাগ করবেন বলে জানিয়েছেন। সাংবিধানিক কারণে নন্দীগ্রামের বিধায়ক পদ তাঁকে ছাড়তে হলেও সেখানকার মানুষের পাশে তিনি সবসময় সবরকম ভাবে থাকবেন বলে আশ্বাস দেন।

অন্যদিকে, আমজনতা উন্নয়ন পার্টির প্রধান হুমায়ুন কবীর নওদা ও রেজিনগর দুটি বিধানসভা কেন্দ্র থেকে জয়ী হলেও আজ বিধানসভায় তিনি নওদা কেন্দ্রের বিধায়ক হিসেবে শপথ গ্রহণ করেন। রেজিনগরের বিধায়ক পদ থেকে তিনি পদত্যাগ করবেন বলে জানান।

-------------------------

রাজ্যের নিজস্ব আয় বাড়াতে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ এবং স্বচ্ছতার সঙ্গে কাজ করতে সব দপ্তরের সচিবদের নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। নবান্নে আজ সব দপ্তরের সচিবদের সঙ্গে বৈঠক করেন তিনি। উপস্থিত ছিলেন ১৫ জন বিধায়ক। দুর্নীতি রুখতে কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও এদিন ফের জানান মুখ্যমন্ত্রী। শিক্ষা, স্বাস্থ্য সহ সব গুরুত্বপূর্ণ দপ্তরের কাজ তিনি নিজেই খতিয়ে দেখবেন।

আগামী সোমবার থেকে স্নাতক স্তরে ভর্তির জন্য অনলাইন প্রক্রিয়া শুরুর নির্দেশ দিয়েছেন তিনি। এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য স্বপন দাশগুপ্তকে দায়িত্ব দেওয়া হয়েছে বলেও নবান্ন সূত্রে খবর। সদ্য নির্বাচিত চিকিৎসক বিধায়কদের স্বাস্থ্য দপ্তরের কর্মকাণ্ডের সঙ্গে যুক্ত করতে বলা হয়েছে। বি এস এ কে সীমান্তে সুরক্ষা ব্যাবস্থার জন্য প্রয়োজনীয় জমি হস্তান্তরের বিষয়টি নন্দিনী চক্রবর্তীকে দেখার দায়িত্ব দেওয়া হয়েছে।

-------------------------

ইমাম ও মোয়াজ্জিন দের ভাতা এবার থেকে নির্দিষ্ট পোর্টালের মাধম্যে দিতে হবে বলে  নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী । যাদের নথি ওই পোর্টালে আপলোড করা যাবে , শুধু মাত্র তারাই ভাতা পাবেন বলেও জানানো হয়েচে।

-------------------------

কৃষক ও ব্যবসায়ীদের সুবিধার্থে রাজ্য সরকার, পশ্চিমবঙ্গ থেকে অন্য রাজ্যে পন্য রপ্তানির ক্ষেত্রে নিষেধাজ্ঞা তুলে নিচ্ছে। কৃষি বিপনন দপ্তরের তরফে আজ এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, আলু, পিঁয়াজ, শাকসব্জী, ফলমূল, খাদ্যশস্য, তৈলবীজ সহ সব ধরনের কৃষি পণ্য এবং অত্যাবশ্যক সামগ্রীর আন্তঃরাজ্য পরিবহনে আর কোনো বাধা থাকবেনা। জেলা প্রশাসন, পুলিশ, পরিবহন দপ্তর সহ সংশ্লিষ্ট সব সংস্থাকে এই নির্দেশ যথাযথভাবে কার্যকর করতে বলা হয়েছে।

এর আগে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী নবান্নে সাংবাদিক বৈঠকে এই সিদ্ধান্তের কথা ঘোষণা করে বলেন, ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এবং ব্যবসায়ীরা এর ফলে উপকৃত হবেন। চাষীরা পন্যের সঠিক মূল্য পাবেন। আলু, সবজি, ফলমূল ও অন্যান্য শস্য ভিন রাজ্যে রপ্তানির ক্ষেত্রে কৃষক ও ব্যবসায়ীরা এতদিন হয়রানির শিকার হতেন বলে মুখ্যমন্ত্রী অভিযোগ করেন। আন্তঃরাজ্য সীমান্তে অকারণে পন্যবাহী গাড়ি আটকে হেনস্থার অভিযোগ উঠলে কড়া ব্যবস্থা নেওয়া হবে বলে জানিয়েছেন মুখ্যমন্ত্রী।

--------------------------

কেন্দ্রীয় মন্ত্রিসভা ২০২৬-২৭ বিপণন বর্ষে ১৪ টি খরিফ শস্যের জন্য ন্যূনতম সহায়ক মূল্য এমএসপি বাড়ানোর প্রস্তাবে ছাড়পত্র দিয়েছে। নতুন দিল্লীতে আজ মন্ত্রিসভার বৈঠকের পর তথ্য ও সম্প্রচার মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ সাংবাদিকদের বলেন, কৃষকরা যাতে তাঁদের ফসলের ন্যায্য মূল্য পান, তা সুনিশ্চিত করতেই এমএসপি

বৃদ্ধির এই সিদ্ধান্ত। সবচেয়ে বেশি সহায়ক মূল্য বৃদ্ধির সুপারিশ করা হয়েছে সূর্যমুখী বীজের জন্য প্রতি ক্যুইন্টালে ৬২২ টাকা। এছড়া তুলোর জন্য ক্যুইন্টাল পিছু ৫৫৭ এবং সিসেম বা তিলের জন্য প্রতি ক্যুইন্টাল ৫০০ টাকা এমএসপি ধার্য করা হয়েছে। উন্নত মানের ধানের গ্রেড এ শ্রেণীভুক্ত ধানের জন্য প্রতি ক্যুইন্টালে এমএসপি ধার্য করা হয়েছে, ২ হাজার ৪৬১ টাকা। এছাড়া হাইব্রিড জোয়ারের জন্য ক্যুন্টাল পিছু ৪ হাজার ২৩ টাকা, বাজরার জন্য ২ হাজার ৯০০ টাকা এবং অড়হড় ডালের জন্য ৮ হাজার ৪৫০ টাকা ন্যুনতম সহায়ক মূল্য দেওয়ার বিষয়ে মন্ত্রিসভার অনুমোদন মিলেছে।

**বাইট-বৈষ্ণ**

২০২৬-২৭ বিপণন বর্ষে ৮২৪ লক্ষ মেট্রিক টন ফসল সংগৃহীত হবে বলে আশা করা হচ্ছে। এজন্য কৃষকরা পাবেন আনুমানিক ২ লক্ষ ৬০ হাজার কোটি টাকা।

--------------------------

সুপ্রিম কোর্টে আজ ফের আইপ্যাক মামলার শুনানি পিছিয়ে গেছে। এই মামলায় সওয়াল করার জন্য কেন্দ্রের সলিসিটার জেনারেল তুষার মেহতা সময় চাওয়ায় শুনানি মুলতবি হয়ে যায়। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্রা ও এন ভি আঞ্জারিয়ার বেঞ্চে আগামী ২২ শে মে মামলার শুনানি হবে।

এর আগে গত এপ্রিল মাসে এই মামলার শুনানীতে শীর্ষ আদালত জানায়, রাজনৈতিক পরামর্শদাতা সংস্থা আই প্যাকের কর্নধার প্রতীক জৈনের অফিস ও বাড়িতে ইডির তদন্ত চলাকালীন, পশ্চিমবঙ্গের তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি যেভাবে বাধা দিয়েছিলেন তা অনভিপ্রেত এবং গণতন্ত্রের জন্য অশনি সংকেত।

উল্লেখ্য, কয়লা পাচার মামলার তদন্তে গত ৮ই জানুয়ারি ইডির তল্লাশি চালাকালীন মমতা ব্যানার্জি পুলিশ আধিকারিকদের সঙ্গে নিয়ে সেখানে উপস্থিত হন। তাঁর বিরুদ্ধে তদন্তে বাধাদান এবং নথি কেড়ে নেওয়ার অভিযোগে সর্বোচ্চ আদালতের দ্বারস্থ হয় ইডি।

--------------------------

আজকের প্রসঙ্গের এবারের বিষয় 'আয়ুষ্মান ভারত' । কল্যাণী এইমসের মেডিকেল সুপারিনটেনডেন্ট প্রফেসর ডক্টর মহুয়া চট্টোপাধ্যায়ের সঙ্গে কথা বলেছেন দিব্য দে। আজ শুনবেন দ্বিতীয় তথা শেষ পর্ব।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত সাড়ে ৯টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

--------------------------

তপসিয়ায় অগ্নিকান্ডের পর সাধারণ মানুষের সুরক্ষায় রাজ্য সরকার শহর জুড়ে সমস্ত অবৈধ পরিকাঠামো ভেঙে ফেলার নির্দেশ দিয়েছে। অগ্নিকান্ডের তদন্তে রাজ্য সরকার  গঠিত চার সদস্যের কমিটি আজ তাদের প্রাথমিক রিপোর্ট জমা দেয়। এরপর নবান্নে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, শহরের সব অবৈধ কারখানায় বিদ্যুত্ সংযোগ বিচ্ছিন্ন করা হবে। কেটে দেওয়া হবে জলের লাইনও। তিনি আরও জানান, তিলজলার ঐ কারাখানার মালিক শেখ নাসির ওরফে জাফর নিশাদ এবং ম্যানেজার শামিম মহম্মদকে গ্রেপ্তার করা হয়েছে। ঐ কারখানার ভবনটির নক্সার অনুমোদন ছিল না। ছিল না পর্যাপ্ত অগ্নি নির্বাপন ব্যবস্থাও।

পুর ও নগরোন্নয়ন সচিবকে ২৪ ঘন্টার মধ্যে ঐ অবৈধ পরিকাঠামো ভেঙে দেওয়ার নির্দেশ দেন মুখ্যমন্ত্রী। এরপরই ঐ বাড়ি ভাঙার কাজ শুরু হয়। ঘটনাস্থলে যান পুলিশের একাধিক উচ্চ পদস্থ আধিকারিক এবং কেন্দ্রীয় বাহিনী এবং পুরসভার আধিকারিকরা। পাঁচটি বুলডোজার ঐ বেআইনী নির্মাণ ভাঙার কাজ করছে।

উল্লেখ্য, গতকালের ঐ ঘটনায় অগ্নিদ্বগ্ধ হয়ে মৃত্যু হয় দুজনের। গুরুতর আহত তিন জন হাসপাতালে চিকিৎসাধীন।

-------------------------

রাজ্য সরকার, শিক্ষক ও পুর নিয়োগ দুর্নীতি এবং সমবায় ক্ষেত্রে বিভিন্ন অনিয়মের তদন্তের জন্য সিবিআই-কে অনুমতি দিয়েছে। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ বিধায়ক হিসাবে শপথ গ্রহণের পর নবান্নে সাংবাদিক বৈঠকে এ কথা জানান। তিনি বলেন, পূর্বতন সরকার দুর্নীতিগ্রস্ত আমলা ও আধিকারিকদের বাঁচাতে সিবিআই-এর দায়ের করা চারটি মামলার অনুমোদন দীর্ঘদিন আটকে রেখেছিল। কিন্তু তাঁর সরকার প্রাতিষ্ঠানিক দূর্নীতির ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি নিয়েছে। সেই কারনেই সিবিআইকে তদন্তের ছাড়পত্র দেওয়া হচ্ছে।

বাইট

--------------------------

সুপ্রিম কোর্টের নির্দেশ মেনে SSC ২০১৬-র প্যানেলে অযোগ্য চিহ্নিত শিক্ষক ও শিক্ষাকর্মীদের বেতন ফেরানোর ব্যাপারে সক্রিয় রাজ্য সরকার। স্কুল শিক্ষা দপ্তর সব জেলাশাসককে এব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য, নিয়োগে দুর্নীতির কারণে সুপ্রিম কোর্ট গত বছর ৩ রা এপ্রিল SSC এর প্রায় ২৬ হাজার শিক্ষক ও শিক্ষা কর্মীর চাকরি বাতিল করে দেয়। অযোগ্য চিহ্নিত শিক্ষক ও শিক্ষা কর্মীদের বেতন ফেরাতে নির্দেশ দিয়েছিল শীর্ষ আদালত। সেই নির্দেশ কার্যকর না হওয়ার অভিযোগে আদালত অবমাননার মামলাও হয়। এবার সরকার বদলের সঙ্গে সঙ্গেই স্কুল শিক্ষা দপ্তর এব্যাপারে কড়া পদক্ষেপ করেছে। বেতন

ফেরানোর নির্দেশ কার্যকর করে জেলা শাসকদের, স্কুল শিক্ষা দপ্তরকে রিপোর্ট দিতে হবে।

--------------------------

CBSE এর দ্বাদশ শ্রেণীর পরীক্ষার ফল আজ প্রকাশিত হয়েছে। গত বছরের তুলনায় এবার পাশের হার ৩ শতাংশ কমে হয়েছে ৮৫ দশমিক ২/০ শতাংশ। ছেলেদের তুলনায় মেয়েদের পাশের হার বেশি। যদিও কোনো মেধা তালিকা প্রকাশ করেনি CBSE। তবে ভালো ফলের নিরিখে সবার শীর্ষ রয়েছে ত্রিবান্দ্রম।

--------------------------

চলতি বছরে উচ্চ মাধ্যমিক পরীক্ষার ফল আগামীকাল প্রকাশিত হবে। সকাল ১১ টায় আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করবেন উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি পার্থ কর্মকার। আগামীকালই পরীক্ষার্থীদের মার্কশিট ও সার্টিফিকেট দেবে স্কুল। result.wb.gov.in, www.indiaresults.com, ইত্যাদি ওয়েবসাইটে পরীক্ষার ফলাফল জানা যাবে।

--------------------------

মোহনবাগান ক্লাবের প্রাক্তন সভাপতি স্বপন সাধন বা টুটু বসুর শেষকৃত্য আজ কেওড়াতলা মহাশ্মশানে সম্পন্ন হয়েছে। শ্রদ্ধা জানাতে উপস্থিত ছিলেন পরিচালক

কৌশিক গঙ্গোপাধ্যায়, তৃণমূল কংগ্রেস সাংসদ মালা রায়, রাজ্য বিজেপির সাধারণ সম্পাদক লকেট চট্টোপাধ্যায় প্রমুখ।

------------------------- -------------------------